দৈনিক
ইত্তেফাক

তারিখ 30 AUG 2016
পৃষ্ঠা ৫ কলাম ৭

# অনির্দিষ্টকালের বন্ধে কুবির ১২৬টি পরীক্ষা স্থগিত

## সেশনজটের আশঙ্কা

■ মুহাম্মাদ শফিউল্লাহ, কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

ছাত্র নিহতের ঘটনায় প্রায় এক মাস ধরে বন্ধ কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি)। এদিকে আগামী ২ সেপ্টেম্বর থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী ছুটি থাকবে বিশ্ববিদ্যালয়ে। এ অবস্থায় শিক্ষার্থীর সেশনজটের আশঙ্কা করছেন। কারণ ১ সেপ্টেম্বর পর্যন্ত ১৯টি বিভাগের স্নাতক ও স্নাতকোত্তরের ১২৬টি কোর্সের চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মোমবাতি প্রজ্বলন কর্মসূচি পালন শেষে হল দখল ও আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে সংঘর্ষে পহেলা আগস্ট একজন নিহত হন। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে এটাই ছিল প্রথম রাজনৈতিক হত্যাকাণ্ড। অস্থিতিশীল পরিস্থিতি মোকাবিলায় সিন্ডিকেটের জরুরি সভা থেকে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও পরীক্ষা কার্যক্রম বন্ধ করে কর্তৃপক্ষ। পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক মো. নূরুল করিম চৌধুরী জানান, এ পর্যন্ত বিভিন্ন বিভাগের স্নাতকের বিভিন্ন সেমিস্টারের ১০৩টি ও স্নাতকোত্তরের ২৩টি চূড়ান্ত পরীক্ষা স্থগিত হয়েছে। ১২৬টি চূড়ান্ত পরীক্ষা স্থগিত হওয়ায় সামনে বড় ধরনের সেশনজট অপেক্ষা করছে বলে মনে করেন শিক্ষার্থীরা।